

‘ইভোল্‌ব’ এ স্বাগতম

‘ইভোল্‌ব’ নেইবারহুড রিজেনারেশন একটি এজেন্সি যা কমিউনিটিকে সহায়তা করছে এবং কুইন্স, বেডফোর্ড, উষ্টার এবং বুটল এর হাথোর্ন নেইবারহুড এ অর্থিদারদের সাথে কাজ করছে। আমাদের কাজ হলো বিভিন্ন ধরনের সংগঠনকে একত্রিত করে অর্থিদারিত্বের ভিত্তিতে স্থানীয় বাসিন্দাদের ও ব্যবসায়ীদের সাথে কাজ করা। যার লক্ষ্য হলো এই এলাকার সকলের জীবনের মান উন্নত করা।

‘ইভোল্‌ব’ এর হৃদয়ে আছে স্থানীয় জনগন - আমাদের উদ্দেশ্য হলো জনগনকে কথা বলতে দেয়া এবং তারা যেখানে থাকেন সেখানকার ভবিষ্যত গঠনের সিদ্ধান্ত গ্রহণে তাদের প্রভাব রাখার একটি পথ করা। আমাদের লক্ষ্য হলো এলাকা ও ব্যক্তির সম্মান এবং গর্বকে বিকশিত করা।

আমরা বিভিন্ন বিষয় মোকাবেলা করি যেমন পরিবেশ (এলাকাকে পরিচ্ছন্ন ও সবুজ রাখা) ; শিক্ষা (সকল বয়সের জনগনের জন্য শিক্ষা ও উন্নয়নের সুযোগ প্রদান করা) ; স্বাস্থ্য (কিভাবে স্বাস্থ্যকর থাকা যায় সে সম্পর্কে ব্যবহারিক পরামর্শ ও নির্দেশিকা প্রদান করা) ; চাকুরী (স্থানীয় লোকজনের জন্য চাকুরীর সুযোগ সৃষ্টি করা এবং অর্থিদারিত্বের ভিত্তিতে কাজ করে বিনিয়োগ ও চাকুরীর পদ সৃষ্টিকে উৎসাহিত করা) ; উন্নত ঘর (বিভিন্ন রকমের উন্নত মানের ঘর ভাড়া, বিক্রি এবং শেয়ার-ওনারশিপ বা অর্থিদারিত্বের ভিত্তিতে মালিকানা প্রদান) ; এবং কমিউনিটি সেফ্টি বা নিরাপত্তা (অসামাজিক আচরণ এবং অপরাধের ভীতির বড় বড় বিষয়গুলো নিয়ন্ত্রণ ও ঘরের নিরাপত্তার বিষয়ে বিভিন্ন ধরনের পরামর্শ প্রদানের উদ্যোগ গ্রহণ করা)।

আমরা এখানে কমিউনিটিকে জানতে, পরামর্শ ও সহায়তা দিতে এসেছি এবং আমরা সকলের জন্য আরও উন্নত ‘বুটল’ গঠনে প্রতিশ্রুতিবদ্ধ।

যদি আপনি ‘ইভোল্‌ব’ সম্পর্কে আরও তথ্য জানতে চান তাহলে দয়া করে নিম্নের ঠিকানায় আপনার নাম, টেলিফোন নম্বর ও ঠিকানা ই-মেইল করুন।

bengali@evolve-nr.org.uk